

নং: ৩৯.১১.০০০০.০০৩.৪৮.০০১.২১/৩৭৬

তারিখ: ০২/০৭/২০২১

বিআরআইসিএম রিসার্চ ফেলো নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (বিআরআইসিএম)-এ এপ্লাইড কেমিস্ট্রি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, মাইক্রোবায়োলজি, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, পরিসংখ্যান ও বায়োইনফরমেটিক্স, ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ও কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে নিম্নবর্ণিত ফেলোশিপের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ছকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

নং	ফেলোশিপের নাম	সংখ্যা	আবেদনকারীর বয়সসীমা	মাসিক ভাতা (টাকা)
১।	ডক্টরাল ফেলোশিপ	৭ টি	২৬.০৭.২০২১ তারিখে অনুর্ধ্ব ৪৫ (পঁয়তাল্লিশ) বছর	৪৫,০০০/-
২।	পোস্ট গ্রাজুয়েট ফেলোশিপ-১	২০ টি	২৬.০৭.২০২১ তারিখে অনুর্ধ্ব ৪০ (চল্লিশ) বছর	৪০,০০০/-
৩।	পোস্ট গ্রাজুয়েট ফেলোশিপ-২	২০ টি	২৬.০৭.২০২১ তারিখে অনুর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর	৩৫,০০০/-
৪।	গ্রাজুয়েট ফেলোশিপ	২০ টি	২৬.০৭.২০২১ তারিখে অনুর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর	৩০,০০০/-
	মোট	৬৭ টি		

ফেলোশিপের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা:

ডক্টরাল ফেলোশিপ: পিএইচডি ডিগ্রির জন্য নিবন্ধনকৃত; পোস্ট গ্রাজুয়েট ফেলোশিপ-১: এমফিল/এমএস ডিগ্রি এবং ন্যূনতম ৩ বছরের কর্ম/গবেষণা অভিজ্ঞতা; পোস্ট গ্রাজুয়েট ফেলোশিপ-২: মাস্টার্স ডিগ্রি (থিসিস গুণ); গ্রাজুয়েট ফেলোশিপ: বিএসসি (অনার্স) ডিগ্রি এবং কোন প্রার্থীর ক্ষেত্রেই শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/ সমমানের গ্রেড পয়েন্ট গ্রহণযোগ্য হবে না।

নির্বাচনের নিয়মাবলি:

প্রাথমিকভাবে ক্ষেত্রবিশেষে, কাজের ধরণ অনুযায়ী ছয়মাস থেকে এক বৎসরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। ইনস্টিটিউট, প্রয়োজনে, গবেষণার সন্তোষজনক অগ্রগতি সম্পর্কে এ সংক্রান্ত মূল্যায়ন কমিটির সুপারিশ এবং পর্যদ সভায় অনুমোদনের শর্তে, ফেলোশিপের মেয়াদ বর্ধিত করতে পারবে। সাধারণভাবে, বর্ধিত সময়সহ ফেলোশিপের মোট মেয়াদ হবে অনধিক ৪ বৎসর। তবে, অপরিসীম ক্ষেত্রে কারণ উল্লেখপূর্বক ইনস্টিটিউট কোন ফেলোশিপের মেয়াদ আরো এক বছর বৃদ্ধি করতে পারবে।

ফেলোদের নির্ধারিত হারে ভাতা/ আনুষঙ্গিক ভাতা প্রদান করা হবে। আগ্রহী গবেষকগণ নির্ধারিত ছক অনুযায়ী ফেলোশিপের জন্য আবেদন করবেন। আবেদনপত্রের নির্ধারিত ছক ইনস্টিটিউট থেকে ব্যক্তিগতভাবে অথবা বিআরআইসিএমের ওয়েবসাইট থেকে (www.bricm.gov.bd) সংগ্রহ করা যাবে। ফেলোশিপের জন্য সরাসরি মহাপরিচালক বরাবর আবেদন করতে হবে।

চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। গবেষণা প্রস্তাব বিআরআইসিএমের কর্মকর্তাদের সাথে সংগতিপূর্ণ হতে হবে। ফেলোশিপের জন্য আগ্রহী কোন প্রার্থী বিশ্ববিদ্যালয়ে এমএস/ উচ্চতর ডিগ্রিতে অধ্যয়নরত থাকলে তাকে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান এবং গবেষণা তত্ত্বাবধায়কের মাধ্যমে আবেদন করতে হবে।

আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত), শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি ও বিভিন্ন পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং “মহাপরিচালক, বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (বিআরআইসিএম)”-এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। আবেদনপত্র ব্যক্তিগতভাবে অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে মহাপরিচালক, বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (বিআরআইসিএম), ড. কুদরাত-এ-খুদা সড়ক (ল্যাবরেটরী রোড), ধানমন্ডি, ঢাকা-১২০৫ এই ঠিকানায় আগামী ২৬.০৭.২০২১ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনকারী কোন প্রতিষ্ঠানে কর্মরত থাকলে তাকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এবং ফেলো নির্বাচিত হলে “বিআরআইসিএম গবেষণাগারে সার্বক্ষণিক ও পূর্ণ মেয়াদে কাজের জন্য কর্মস্থল থেকে অবমুক্ত করতে আপত্তি নেই” এই মর্মে প্রতিষ্ঠান প্রধানের অনাপত্তিপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। বিআরআইসিএমের কোন ফেলোশিপ চাকরি হিসেবে গণ্য হবে না এবং ফেলোশিপের অধীনে কর্মরত থাকলে কোন ফেলোকে কোন প্রকার ছুটি প্রদান করা যাবে না। একই গবেষণা কাজের জন্য অন্য কোন ফেলোশিপ গ্রহণকারীদের আবেদন করার প্রয়োজন নেই। প্রয়োজনীয় তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করা যাবে। স্বাক্ষরকারের জন্য প্রাথমিকভাবে মনোনীত এবং চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা বিআরআইসিএমের ওয়েবসাইট www.bricm.gov.bd থেকে জানা যাবে। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/ পরিবর্তন/ পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করে। বিআরআইসিএমের রিসার্চ ফেলো নিয়োগের গত ১৭.০৫.২০২১ তারিখের ৩৯.১১.০০০০.০০৩.৪৮.০০১.২১ সংখ্যক বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে আবেদনকৃত প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

ড. মালা খান
মহাপরিচালক, বিআরআইসিএম